

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২৩/২১৭

তারিখ : ১৭ সেপ্টেম্বর, ২০২৩

### “সকল সম্মানিত সদস্যের জন্য”

**বিষয়ঃ ডেঙ্গুর প্রকোপ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

আপনি হয়ত জানেন যে, বাংলাদেশে ডেঙ্গু সংক্রমণের হার সবচেয়ে বেশী থাকে এপ্রিল থেকে অক্টোবর পর্যন্ত। গত এক দশকের মধ্যে এ বছরের জুলাই মাসে দেশে সর্বোচ্চ ডেঙ্গু সংক্রমণ হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বাংলাদেশে চলতি বছর ১৬ ই সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ১,৬৪,৫৬২ জন মানুষ। এ সময়ে মারা গেছেন ৮০০ জনের বেশী। স্বাভাবিকভাবেই ডেঙ্গু জ্বর নিয়ে মানুষের মাঝে প্রবল উদ্বেগ তৈরী হয়েছে। শরীরে কোন্ লক্ষণ দেখলে আপনি বুঝবেন যে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছেন এবং সেক্ষেত্রে আপনার করণীয় কী হতে পারে তা নিম্নে উল্লেখ করা হলো।

#### ডেঙ্গুর লক্ষণ :

ডেঙ্গু জ্বর হল একটি মশা-বাহিত ভাইরাস রোগ। বেশীর ভাগ ক্ষেত্রে প্রথমবার ডেঙ্গু-তে আক্রান্ত রোগীর বিশেষ কোন উপসর্গ বা লক্ষণ দেখা যায় না। শুধু অল্প কিছু ক্ষেত্রেই রোগের প্রভাব গভীর হয়। ডেঙ্গুর লক্ষণ হলোঃ

- ১। তীব্র জ্বর ( $(80^{\circ}\text{C}/108^{\circ}\text{F})$ ), তীব্র মাথায় যন্ত্রনা, হাতে পায়ে ব্যাথা, গাঁটে ব্যাথ্যা, চোখের পিছনেও ব্যাথা হতে পারে।
- ২। ঘনঘন বমি/খিদে না পাওয়া, তীব্র পেটে ব্যাথা।
- ৩। শরীরের বিভিন্ন জায়গা দিয়ে রক্ত স্রাব, রক্তচাপ কমে যাওয়া, র্যাশ, চুলকানি হওয়া।
- ৪। খাবার স্যালাইন খেতে না পারা, তীব্র অবসাদ/ অস্থিরতা।
- ৫। শ্বাসকষ্ট হওয়া, প্রস্রাব কমে যাওয়া।
- ৬। গ্রন্থি ফুলে যাওয়া।

#### ডেঙ্গু প্রতিরোধে করণীয় :

- ১। বাড়ির চারপাশে ঝোঁপঝাড় পরিষ্কার/পানি জমতে না দেয়া।
- ২। অব্যবহৃত পানির পাত্র, গাছের টব, গাড়ীর টায়ারের জমে থাকা পানি ফেলে দিন।
- ৩। দিনে/রাতে ঘুমানোর সময় মশারি ব্যবহার করুন।
- ৪। প্রয়োজনে মশা নিবারক কেমিক্যাল যেমন পারমেথিন ব্যবহার করুন, সম্ভব হলে জানালায় নেট লাগান।
- ৫। যথা সম্ভব লম্বা পোশাক পরিধান করুন।
- ৬। আক্রান্ত ব্যক্তিকে সার্বক্ষণিক মশারির ভিতরে রাখুন।
- ৭। জ্বর হলে ডেঙ্গু জ্বরের পরীক্ষা করান এবং অবশ্যই রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিন।

তৈরী পোশাক শিল্পের লক্ষ লক্ষ শ্রমিক/কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই শ্রমিক/কর্মচারীদের সুরক্ষা নিশ্চিত করা আমার/আপনার সকলের দায়িত্ব। কারণ এই শ্রমিক/কর্মচারীরা দেশের অর্থনৈতিক উন্নয়নের মেরুদণ্ড এবং প্রধান চালিকা শক্তি। উল্লেখ্য যে, সরকার, এবং বিজিএমইএ কর্তৃক নির্দেশনা এবং স্বাস্থ্য প্রটোকলসমূহ যথাযথভাবে অনুসরণ করে কোভিড-১৯ কে নিয়ন্ত্রনে রাখা সম্ভব হয়েছে। আশা করি বর্তমানে এডিস মশাবাহিত রোগ ডেঙ্গুও নিয়ন্ত্রন রাখা সম্ভব হবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে ডেঙ্গুরোগ সংক্রান্ত প্রকাশিত নির্দেশিকা অনুযায়ী সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সকলের সম্মিলিত ও ঐকান্তিক প্রচেষ্টায় এডিস মশাবাহিত রোগ ডেঙ্গুর বিস্তার রোধ করা সম্ভব হবে। সকলের সু-স্বাস্থ্য কামনা করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান  
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •